# Times Today BD

ডেস্ক রিপোর্ট | ঢাকা | 07 April, 2025

নারায়ণগঞ্জের সোনারগাঁ সরকারী কলেজে দুইজন বিদ্যুৎপৃষ্ট হয়ে আমির হোসেন (৫০) নামে এক ইলেকট্রিশিয়ানের করুন মৃত্যু হয়েছে।এ সময় শরীফ (৫০) নামে আরো একজন ইলেকট্রিশিয়ান আহত হয়।

আহত শরীফকে মুর্মূর্ষ অবস্থায় চিকিৎধীন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। মৃত্যু আমির হোসেন সোনারগাঁ উপজেলার মোগরাপাড়া ইউনিয়নের দমদমা গ্রামের মৃত তোফাজ্জল হোসেনের ছেলে। পুলিশ ও এলাকাবাসী সূত্রে জানা গেছে, (৭ এপ্রিল) সোমবার দুপুর ৩টার দিকে সোনারগাঁ সরকারী কলেজে একটি বিকল বৈদ্যুতিক মটর মেরামত করতে শরীফ ও আমির হোসেন নামের ২জন ইলেকট্রিশিয়ান যায়।এ সময় সোনারগাঁ সরকারী কলেজের বিজ্ঞান ভবনের একটি রুমে কাজ করাকালিন অসতর্কতার কারণে বিদ্যুৎ পৃষ্ট হয়ে আমিন হোসেন ঘটনাস্থলেই মারা যায়।এ সময় শরীফ নামে আরো একজন আহত হন।পরে এলাকাবাসী ও দমকল বাহিনীর সসহয়তায় মারাত্মক আহত শরীফকে চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন।

এ ব্যাপারে সোনারগাঁও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মফিজুল রহমান ইলেকট্রিশিয়ান আমির হোসেন মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেন।

বিদ্যুৎপৃষ্ট ইলেকট্রিশিয়ান মৃত্যু

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:23

URL: https://www.timestodaybd.com/dhaka/775807454